



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.৭৬৮

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৯

২৬ জুলাই ২০২২

- বিষয়: বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক পথে মোট ৭১৫ মে.টন গমের চলাচলসূচি (সূচি নং-০৩)
- সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর ১৯/০৭/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.৪২২.৫০.০০৫.২১.১৩১৭ নং স্মারক
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ২০/০৭/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২১০.৫১.০০৮.২২.২৩১১ নং স্মারক
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ এর ১৪/০৭/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.৫৬০০.০০৭.৬৮.০০১.১৮.৮৯৮/১(৮) নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগের কতিপয় এলএসডিতে জুলাই-আগস্ট'২২ মাসে ইপি, ওপি, এলইসহ অন্যান্য খাতে বিলি বিতরণের জন্য গমের চলাচল সূচি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ১ নং ও ২ নং স্মারকে চাহিদা প্রেরণ করা হয়েছে। অপরদিকে মানিকগঞ্জ সদর এলএসডিতে ৫/৬ মাসের অধিক সময়ের গম মজুত রয়েছে। বর্তমানে ইপি, ওপি খাত ছাড়া অন্য কোন খাতে গম বিলি-বিতরণের চ্যানেল নেই। মানিকগঞ্জ সদর এলএসডি হতে ৩০০ মে.টন গম অন্যত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ৩ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগের কতিপয় এলএসডিতে জুলাই-আগস্ট'২২ মাসে ইপি, ওপি, এলইসহ অন্যান্য খাতে বিলি বিতরণের জন্য গমের মজুত পর্যালোচনা এবং সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক পথে মোট ৭১৫ (সাতশত পনেরো) মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

#### সড়ক পথে গমের চলাচলসূচি:

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মানিকগঞ্জ	মানিকগঞ্জ এলএসডি	শেরপুর	শেরপুর (গ্রেড-১) এলএসডি	১০০	গম	সড়ক পথ	আখানি, ঢাকা উপসূচি জারি করবেন
২.	চট্টগ্রাম	চট্টগ্রাম সাইলো	চট্টগ্রাম	হাবিলদারবাসা এলএসডি	৩০	ঐ	ঐ	জেখানি, চট্টগ্রাম উপসূচি জারি করবেন
৩.	ঐ	ঐ	ঐ	নাজিরহাট এলএসডি	২৪০	ঐ	ঐ	

৪.	ঞ	ঞ	ঞ	রাঙ্গুনিয়া এলএসডি	৪৫	ঞ	ঞ	
৫.	ব্রান্সণবাড়িয়া	আশুগঞ্জ সাইলো	ব্রান্সণবাড়িয়া	ব্রান্সণবাড়িয়া এলএসডি	৩০০	ঞ	ঞ	জেখানি, ব্রান্সণবাড়িয়া উপসূচি জারি করবেন
				মোট =	৭১৫			

### নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম ও আশুগঞ্জ সাইলো ও জেখানি, মানিকগঞ্জ প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোরাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উক্তব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে স্বাক্ষর করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএলএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ০৩/০৮/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৬-৭-২০২২

মোঃ ফজলে রাবী হায়দার

উপ-পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম
- ২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/আশুগঞ্জ সাইলো
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাক্ষণবাড়িয়া/চট্টগ্রাম/মানিকগঞ্জ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.৭৬৮/১(৯)

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৯  
২৬ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....
- ৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..... এলএসডি



২৬-৭-২০২২

মোঃ ফজলে রাবী হায়দার

উপ-পরিচালক